AQA

Please write clearly in block capitals.

Centre number [ ][ ][ ][ ][ ]    Candidate number [ ][ ][ ][ ]

Surname ______________________________

Forename(s) ______________________________

Candidate signature ______________________________
I declare this is my own work.

# GCSE
# BENGALI

## H

Higher Tier Paper 3 Reading

Wednesday 5 June 2024 Afternoon Time allowed: 1 hour

**Materials**
You will need no other materials.

**Instructions**
- You must **not** use a dictionary.
- Use black ink or black ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- You must answer the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- If you need extra space for your answer(s), use the lined pages at the end of this book. Write the question number against your answer(s).
- In **Section A**, answer the questions in **English**.
  In **Section B**, answer the questions in **Bengali**.
  In **Section C**, translate the passage into **English**.
- Do all rough work in this answer book. Cross through any work you do not want to be marked.

**Information**
- The marks for questions are shown in brackets.
- The maximum mark for this paper is 60.

| For Examiner's Use | |
|---|---|
| Question | Mark |
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |
| 6 | |
| 7 | |
| 8 | |
| 9 | |
| 10 | |
| 11 | |
| 12 | |
| **TOTAL** | |

Do not write outside the box

## Section A

Questions and answers in **English**

Answer **all** questions in the spaces provided.

**0 1** **Family holidays**

Read this extract from Satyajit Ray's *Feluda Samagra*.

Write **T** if the statement is **true**.
**F** if the statement is **false**.
**NT** if the statement is **not in the text**.

**This extract cannot be reproduced here due to third-party copyright restrictions.**

The extract is taken from Satyajit Ray's *Feluda Samagra*:
**https://bdebooks.com/series/feluda/**

**0 1 . 1** The writer was happy about spending the Puja vacation in Kolkata. **[1 mark]**

**0 1 . 2** The writer wanted to visit the mountains and the sea. **[1 mark]**

**0 1 . 3** The writer did not want his cousin to accompany him. **[1 mark]**

**0 1 . 4** The writer was encouraged to visit historical places in Kolkata. **[1 mark]**

**0 1 . 5** The writer's cousin was a hardworking and clever adult. **[1 mark]**

*Do not write outside the box*

**0 1 . 6** In school, Feluda sang Tagore songs from his memory. **[1 mark]**

**0 1 . 7** At an early age, Feluda became a travel agent. **[1 mark]**

7

**Turn over for the next question**

*Do not write outside the box*

**0 2** **Jobs**

Read the following job vacancy from a jobs website.

শহরের বিভিন্ন সুপারমার্কেটে স্কুলের ছাত্রছাত্রীদের পার্ট-টাইম কাজ করার জন্য জায়গা খালি আছে। বিশেষ করে যেসব শিক্ষার্থী ইতিমধ্যে জিসিএসই পরীক্ষা দিয়েছে তাদেরকে প্রাধান্য দেওয়া হবে। পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন না থাকলেও প্রার্থীদের অবশ্যই ইংরেজি ও বাংলায় কথা বলার ভালো দক্ষতা থাকতে হবে। তবে টিলে কাজ করার জন্য গণিতের দক্ষতা থাকলে বিশেষ সুবিধা দেওয়া হবে। দরখাস্তের ফর্ম সুপারমার্কেটের ওয়েবসাইটে পাওয়া যাবে। পূরণ করা ফর্ম ডাকযোগে না পাঠিয়ে ই-মেইল করে পাঠাতে হবে। আবেদন করার সময় সীমা আগামী মাসের শেষ তারিখ।

Answer the questions in **English**.

**0 2 . 1** Who will be given priority for the job?

**[1 mark]**

______________________________

**0 2 . 2** What essential skills do applicants need for this job?

**[1 mark]**

______________________________

**0 2 . 3** What other skill might help an applicant get the job?

**[1 mark]**

______________________________

**0 2 . 4** How should an applicant submit the application form?

**[1 mark]**

______________________________

**0 2 . 5** When is the deadline for submitting the application form?

**[1 mark]**

______________________________

5

Do not write outside the box

**Turn over for the next question**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Do not write outside the box

0 3 **University fees**

You see this online forum in which Bengali students express their opinions on tuition fees.

**Asha**

অনেক ভাইবোনের মধ্যে আমি বড়ো হয়েছি। আমার বাবা অবসরপ্রাপ্ত। আর্থিক অসচ্ছলতার কারণে বিশ্ববিদ্যালয়ের অত্যধিক বেতন জোগাড় করা আমার পক্ষে কোনোভাবেই সম্ভব নয়। তাই বিশ্ববিদ্যালয়ে যাওয়ার আশা আমার পূরণ হবে না।

**Bijoy**

ভাবছি এ-লেভেলের পর এক বছরের জন্য গ্যাপ ইয়ার নেবো এবং কাজ করে টাকাপয়সা আয় করে বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার প্রস্তুতি নেবো।

**Elora**

আমি লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য স্টুডেন্ট লোন ও বৃত্তিলাভের চেষ্টা করবো। তাছাড়া আমার সপ্তাহান্তের রোজগারও লেখাপড়ার খরচ জোগাতে সাহায্য করবে।

**Helal**

বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিলেও যোগ্যতা অনুযায়ী চাকরী পেতে এই ডিগ্রি সবসময় সহায়ক নয়। এর চেয়ে বরং শিক্ষানবিশি করলে টাকাপয়সার অভাব ঘুচবে এবং চাকরীও পাওয়া সম্ভব।

**Shakil**

উচ্চশিক্ষা ব্যয়বহুল বলে আমি প্রযুক্তিতে প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে কম খরচে অনলাইনে বিভিন্ন কোর্স করবো। তাছাড়া স্থানীয় তরুণদের প্রশিক্ষণ দিলে তাদের চাকরী পাওয়াও সম্ভব।

*Do not write outside the box*

Match the following questions to the correct person.

Write:

**A** for **Asha**

**B** for **Bijoy**

**E** for **Elora**

**H** for **Helal**

**S** for **Shakil**

Write the first letter of the correct name in each box.

**0 3 . 1** Who wants to take a gap year to earn money? ☐ **[1 mark]**

**0 3 . 2** Who likes having affordable digital courses? ☐ **[1 mark]**

**0 3 . 3** Who cannot afford to pay tuition fees? ☐ **[1 mark]**

**0 3 . 4** Who will apply for a student loan? ☐ **[1 mark]**

**0 3 . 5** Who wants to do an apprenticeship course? ☐ **[1 mark]**

**5**

**Turn over for the next question**

Do not write outside the box

**0 4** **Sport**

Read these comments from a magazine article where young people talk about their attitudes towards sport.

খেলাধুলার মধ্য দিয়েই লোকজন নতুন নতুন মানুষের সাথে মেলামেশার এক দুর্দান্ত সুযোগ পায়। ফুটবল হলো এমন একটি খেলার উদাহরণ যা ধনী-দরিদ্র, শিক্ষিত-অশিক্ষিত, পুরুষ ও মহিলা সবাই খেলতে পারে। ক্রিকেট হলো আরেকটি খেলা যা মহিলা খেলোয়াড়দের কাছে জনপ্রিয় হয়ে উঠছে। দুর্ভাগ্যবশত, সব মহিলাদের পরিবার কিন্তু তাদের সাফল্যে খুশি নয়। কেউ কেউ মনে করেন যে মেয়েদের উদ্দেশ্য খেলাধুলা ছেড়ে বিয়ে করা এবং সন্তান লালন-পালন করা। বাস্কেটবল এমন একটি খেলার উদাহরণ যার জন্য প্রচুর অনুশীলন করতে হয়। দলগুলো বিভিন্ন টুর্নামেন্টে অংশগ্রহণ করতে চাইলে একজন ভালো কোচ থাকা জরুরি। কিছু লোকজন খেলাধুলা করতে পছন্দ করে না এবং সাঁতার কাটা বা দৌড়ানোর মতো কাজগুলোকেও রীতিমতো বিরক্তিকর মনে করে। তারা বিভিন্ন ধরনের খেলাধুলা করার চেষ্টা করলেও বুঝতে পারে যে স্বভাবতই তারা ভাল ক্রীড়াবিদ নয়। তবুও তারা বাড়িতে বসে টেলিভিশনে অথবা স্টেডিয়ামে গিয়ে মুখোমুখি লাইভ ম্যাচগুলি দেখতে এবং উপভোগ করতে পারে। আবার অনেকেই মনে করে যে খেলাধুলায় সময় অপচয় করার চেয়ে স্কুলের কাজগুলো শেষ করা আরও বেশি গুরুত্বপূর্ণ।

Complete the sentences below in **English**.

**0 4 . 1** Football is seen as a great sport because ______________________________ .

**[1 mark]**

**0 4 . 2** Some families of female athletes think ______________________________ .

**[1 mark]**

**0 4 . 3** To play in basketball tournaments, it is important to ______________________________ .

**[1 mark]**

**0 4 . 4** Some people are not interested in sports because ______________________________ .

**[1 mark]**

**0 4 . 5** Instead of playing sports, people can ______________________________ .

**[1 mark]**

___
5

Do not write outside the box

**Turn over for the next question**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

Do not write outside the box

**0 5** **Relationships with family**

Read these Bengali teenagers' views on their relationships with their families.

What are the teenagers' views on their relationships with their families?

Write **P** for a **positive** opinion.
**N** for a **negative** opinion.
**P + N** for a **positive** and **negative** opinion.

আমার মা রাতের শিফ্‌টে কাজ করেন। তাই স্কুলের পর বাড়িতে ফিরেই আমাকে ছোটো ভাইবোনদের দেখাশুনা ও অন্যান্য কাজকর্ম করতে হয়। সেজন্য নিজের লেখাপড়া ও স্কুলের কাজ করার সময় পাই না। কী করবো?
**Runa**

সপ্তাহান্তে আমি একটা দোকানে কাজ করে আমার হাত-খরচ ও শখ মেটাই। বন্ধুদের পছন্দমতো উপহার দেই। কিন্তু পরীক্ষা ও শনি-রবিবারে কাজের চাপে আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের সাথে মুখোমুখি মেলামেশা হয় না বলে বিরক্ত হই।
**Sujit**

আমাদের বাড়ির নিচের তলায় বাবা-মা একটি বেইকারির দোকান চালান। রোজ বিকেলে আমি তাঁদের সাথে দোকানে যাই আর হাতে-কলমে কাজ শিখি। তাছাড়া ঐ সময়টুকু বাবা-মায়ের সাথে কাটানো আমার কাছে স্বপ্নের মতো মনে হয়।
**Tahir**

স্কুলের লম্বা ছুটির সময় আমার সব বন্ধুরা একসাথে এখানে-ওখানে বেড়ায় আর আনন্দ কোলাহলে মেতে ওঠে। দুর্ভাগ্যবশত ওদের সাথে যোগ দেওয়ার অনুমতি আমার নেই। বাবা-মার দৃষ্টিতে আমি এখনও ছোটোই আছি! তাই মাঝেমাঝে আমার খুব রাগ হয়।
**Zereen**

**0 5 . 1** **Runa** [ ] **[1 mark]**

**0 5 . 2** **Sujit** [ ] **[1 mark]**

**0 5 . 3** **Tahir** [ ] **[1 mark]**

**0 5 . 4** **Zereen** [ ] **[1 mark]**

4

Do not write outside the box

**0 6** **A charity event**

You read this advertisement in a Bengali magazine.

আগামী সোমবার বিকেল তিনটায় স্থানীয় টাউন হলে একটা চ্যারিটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই চ্যারিটির উদ্দেশ্য হলো স্থানীয় গরীব ছেলেমেয়েদের লেখাপড়ায় আর্থিক সাহায্য দান।

এই অনুষ্ঠানে থাকবে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের হাতের লেখা কবিতা আবৃতির প্রতিযোগিতা আর অতিথিদের জন্য বাড়িতে তৈরি সুস্বাদু খাবারের স্টল। এরপর সন্ধ্যায় থাকবে অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ নামকরা যাদুকর জুয়েল আইচের রোমাঞ্চকর যাদু প্রদর্শণ।

প্রবেশ মুল্য তিরিশ টাকা। তবে আগে থেকে দশটি টিকিট একসাথে কিনলে ৫০% ছাড় দেওয়া হবে।

Answer the questions in **English**.

**0 6 . 1** Why is the event taking place?

**[1 mark]**

______________________________________________________________________

**0 6 . 2** What will be the most appealing part of the event?

**[1 mark]**

______________________________________________________________________

**0 6 . 3** What benefit will you get from buying multiple tickets?

**[1 mark]**

______________________________________________________________________

3

**Turn over for the next question**

**Turn over ▶**

Do not write outside the box

**0 7** **Questionnaire**

Your Bengali friend, Sihan, has filled in a magazine questionnaire about his future.

What do you know about him from the answers he has ticked?

**নিজের ভবিষ্যত গড়া কতোটা গুরুত্বপুর্ণ?**

**Example:** ভবিষ্যতে লেখাপড়ায় ভালো রেজাল্টের জন্য তুমি কতোটা ভাবো

| | |
|---|---|
| মোটেই না, কারণ আমি পরিশ্রমী | ✓ |
| সামান্য, কারণ স্কুলে যেতে মাঝেমাঝে দেরি হয় | |
| বেশি, কারণ প্রায়ই আমি স্কুল পালাই | |

**1** স্কুলের শিক্ষকদের সাথে তোমার সম্পর্ক কেমন?

| | |
|---|---|
| অসন্তোষজনক, কারণ সময়মতো হোমওয়ার্ক করি না | |
| ভালো না, কারণ আমি কথা শুনি না | |
| খুবই ভালো, কারণ আমি ক্লাসে দুষ্টুমি করি না | ✓ |

**2** স্কুল জীবন শেষ করার পর তুমি কী করবে?

| | |
|---|---|
| হাতে-কলমের কাজ শিখবো | |
| উচ্চশিক্ষা নেবো | ✓ |
| ভ্রমণ করবো | |

**3** স্কুলের পরে কীভাবে তোমার সময় কাটে?

| | |
|---|---|
| হোমওয়ার্ক করার কাজে কম্পিউটার ব্যবহার করে | ✓ |
| ছোটোবোনের হোমওয়ার্কে সাহায্য করে | |
| বাড়ির কাজকর্ম করে | |

**4** লেখাপড়া শেষ করার পর তোমার পরিকল্পনা কী?

| | |
|---|---|
| বিয়ে করে পরিবার শুরু করা | |
| উকিল হিসেবে কাজ করা | ✓ |
| ব্যবসা শুরু করা | |

Do not write outside the box

**Example:** According to the ticked answer, how do you know Sihan is not worried about his future?

**He is a hardworking student.**

Answer the questions in **English**.

**0 7 . 1** According to the ticked answer, how do you know Sihan has a good relationship with his teachers?

**[1 mark]**

___

**0 7 . 2** According to the ticked answer, how do you know Sihan is academically minded?

**[1 mark]**

___

**0 7 . 3** According to the ticked answer, how do you know Sihan has good digital skills?

**[1 mark]**

___

**0 7 . 4** According to the ticked answer, what is Sihan's ambition?

**[1 mark]**

___

4

**Turn over for Section B**

Do not write outside the box

## Section B

Questions and answers in **Bengali**

Answer **all** questions in the spaces provided.

**0 8** **নয়নমামার রহস্য**

সৈয়দ শামসুল হকের ‘নয়নমামার রহস্য’ গল্পের অংশবিশেষ তুমি পড়ছো।

**This extract cannot be reproduced here due to third-party copyright restrictions.**

**The extract is taken from Syed Shamsul Haque’s story ‘Nayanmamar Rahasya’.**

প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।

**0 8 . 1** নয়নমামার পেশাগত পরিচয়...

| | |
|---|---|
| **A** | তিনি একজন চিত্রশিল্পী। |
| **B** | তিনি একজন রাষ্ট্রদূত। |
| **C** | তিনি একজন সাংবাদিক। |

☐

**[1 mark]**

**0 8 . 2** নয়নমামা উঠেছিলেন লন্ডনের...

| | |
|---|---|
| **A** | কমনওয়েলথ ইন্সটিটিউটে। |
| **B** | একটি আর্ট গ্যালারিতে। |
| **C** | একটি বড়ো হোটেলে। |

☐

**[1 mark]**

Do not write outside the box

**0 8 . 3** প্রদর্শনীর জায়গায় পৌঁছে নয়নমামা...

| | |
|---|---|
| **A** | নিজের আঁকা ছবি অতিথিদের দেখাচ্ছিলেন। |
| **B** | বাঁশি বাজাচ্ছিলেন। |
| **C** | দর্শকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিচ্ছিলেন। |

**[1 mark]**

**0 8 . 4** প্রদর্শনীর শেষে ঝিনুককে নিয়ে নয়নমামা...

| | |
|---|---|
| **A** | হাইড পার্কে ঘুরে বেড়ালেন। |
| **B** | রাণীর বাড়ির ছবি তুললেন। |
| **C** | লন্ডন ব্রিজে হেঁটে বেড়ালেন। |

**[1 mark]**

**4**

**Turn over for the next question**

*Do not write outside the box*

**0 9** **ভবিষ্যত পরিকল্পনা**

স্কুল শেষ করার পর কে কী করতে চায় তা নিয়ে কয়েকজন ছাত্রছাত্রীর মতামত তুমি স্কুল ওয়েবসাইটে পড়ছো।

**নিনা**: আমার এখনকার স্কুলে কোনো সিক্সথ ফর্ম নেই বলে আমি অন্য স্কুলে যেতে চাই।

**মিলন**: স্কুলের লেখাপড়া শেষ করে আরও লেখাপড়া করার আগ্রহ আমার নেই। বাবার ব্যবসায়ে যোগ দিয়ে ভবিষ্যতে অনেক টাকা আয় করবো।

**জায়েদ**: ডিগ্রি নেওয়ার পর বিয়ে না করে বরং দেশ-বিদেশ ঘুরে বিভিন্ন লোকজনের সাথে পরিচিত হতে চাই।

**নীলা**: ইংরেজি ও বাংলায় লেখার দক্ষতা থাকায় স্কুল ম্যাগাজিনে আমাকে লিখতে হয়। তাই ভবিষ্যতে একজন লেখিকা হয়ে বই অনুবাদ করবো।

নিচের প্রতিটি বাক্যের খালি অংশটুকু **বাংলায়** পূরণ করো।

**0 9 . 1** নিনার স্কুল বদলানোর কারণ ____________________।

**[1 mark]**

**0 9 . 2** মিলনের আরও লেখাপড়া না করার কারণ ____________________।

**[1 mark]**

**0 9 . 3** ডিগ্রি শেষে জায়েদের আগ্রহ হলো ____________________।

**[1 mark]**

**0 9 . 4** নীলার ভবিষ্যৎ পরিকল্পনা হলো ____________________।

**[1 mark]**

4

*Do not write outside the box*

**1 0** **গৃহহীনদের জীবন**

বাংলাদেশের গৃহহীনদের জীবন সম্বন্ধে এই লেখাটি তুমি ব্লগে পড়ছো।

> বাংলাদেশে সাম্প্রতিক পূনর্বাসন প্রকল্প আশ্রয়ের "উপহারের ঘর" বদলে দিয়েছে রাজধানী ঢাকার পার্শ্ববর্তী এলাকাগুলোর গৃহহীন ও নিম্ন আয়ের লোকজনের জীবন। এই প্রকল্পের মাধ্যমে পাঁচ হাজার আধাপাকা ঘর পেয়ে নতুন করে বাঁচার স্বপ্ন দেখছেন এই মানুষগুলো। বয়স্কা এক মহিলা, মালা মানুষের বাড়িতে কাজ করে অনেক কষ্টে পরিবারের ভরণপোষণ করেন। উপহারের ঘর তাই মালার জীবনে পরিবর্তন এনেছে।
>
> মধ্যবয়সী মহিলা কুলসুমও তাঁর উপহারের ঘরটি মনের মতো করে সাজিয়েছেন। ঘরের চারদিকে গাছ লাগিয়ে সবুজের ছোঁয়ায় নজর কেড়েছেন অনেকের। ঘরের একপাশে সবজির দোকান দিয়ে পরিবারের খরচ চালান তিনি। সর্বোপরি, এখানকার বাসিন্দাদের ভালোভাবে জীবন চলার জন্য টয়লেট, পানির কল, হাঁস-মুরগি পালন ও বিদ্যুত সংযোগের সুবিধাও রয়েছে।

**নিচের কোন চারটি তথ্য সঠিক? প্রতিটি বাক্সে ঠিক অক্ষরটি লেখো।**

| | |
|---|---|
| **A** | বাংলাদেশের কোনো কোনো এলাকার ঘরছাড়া মানুষদের জীবন পালটে দিয়েছে আশ্রয় প্রকল্প। |
| **B** | সরকারের থেকে নিম্ন আয়ের লোকজনকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। |
| **C** | মালা বাড়ি বাড়ি কাজ করে যা রোজগার করেন তা দিয়ে পরিবার চালান। |
| **D** | সমগ্র বাংলাদেশের ঘরছাড়া মানুষদের পূনর্বাসন করেছে আশ্রয় প্রকল্প। |
| **E** | ঘরের চারিপাশে গাছপালা লাগিয়ে কুলসুম সবুজ পরিবেশ তৈরি করেছেন। |
| **F** | কুলসুম উপহারের ঘর না পেয়ে নিজেই ঘর বানিয়ে মনের মতো সাজিয়েছেন। |
| **G** | সবজি ও হাঁস-মুরগি বিক্রির রোজগার দিয়ে কুলসুম দোকান চালান। |
| **H** | আশ্রয় প্রকল্পের বাসিন্দাদের উন্নত জীবনযাপনে প্রয়োজনীয় সুযোগসুবিধা দেওয়া হয়েছে। |

☐ ☐ ☐ ☐

**[4 marks]**

4

*Do not write outside the box*

**1 1** **সামাজিক সমস্যাদি**

ফেইসবুকে যুক্তরাজ্যে বসবাসরত বাংলাদেশিদের সামাজিক সমস্যাদি সম্বন্ধে পড়ছো।

> বাংলাদেশ থেকে কেউ কেউ যুক্তরাজ্যে এসে প্রথমে তাদের আত্মীয়-স্বজনের বাসায় ওঠে। তারা বাইরে গেলে আশেপাশের লোকজন তাদের দিকে অন্যভাবে তাকায়। তাদের সাথে কথা বলতে গেলেই নবাগত বাঙালিদের ইংরেজি শুনে স্থানীয় লোকেরা হাসাহাসি করে কেউ কেউ আবার গালাগালিও করে। তখন এসব নবাগতরা মনে কষ্ট পায়। সন্তানদের প্রতি কোনো কোনো বাবামায়ের কঠোর শাসন ও অবহেলার কারণে তারা নিঃসঙ্গতায় ভোগে, স্কুলেও যেতে চায় না। শিক্ষকদের শাস্তির ভয়ে স্কুল পালায়। প্রযুক্তির বদৌলতে আজকাল মোবাইল ফোন ছোটো-বড়ো সবার কাছে দেখা যায়। অনেকেই পথ চলার সময় উচ্চস্বরে কথা বলে। এতে অন্যান্য পথচারীরা রীতিমতো বিরক্ত হয়। আমাদের সমাজে বয়স্ক নাগরিকদের বসার জন্য সব জনপরিবহনেই আলাদা জায়গা রয়েছে। কিন্তু প্রায় সময়েই দেখা যায় কম বয়সী অন্য যাত্রীরা সেসব আসন দখল করে থাকে। বয়স্ক লোকজনদের কষ্ট করে দাঁড়িয়ে থাকতে দেখেও কম বয়সীরা আসন না ছেড়ে তাঁদের অসম্মান করে। এছাড়াও আমাদের সমাজে যাদের থাকার জায়গা নেই তারা দিনরাত ফুটপাথ, রেল স্টেশনে অথবা বড়ো বড়ো শপিং মলের সামনে আশ্রয় নেয়। লোকজনের কাছে খাবার কেনার পয়সা চেয়ে তাদের হয়রানি করে। স্থানীয় কাউন্সিল কতৃপক্ষের কাছ থেকে যে সামান্য সাহায্য পায় তা দিয়ে তাদের জীবন চলা খুবই কষ্টকর।

নিচের প্রতিটি বাক্যের খালি অংশগুলো পূরণ করে বাক্য সম্পূর্ণ করো।

**1 1 . 1** নবাগত বাঙালিদের ইংরেজি শুনে লোকজন ______________________________ ।

**[1 mark]**

**1 1 . 2** অভিভাবকের দায়িত্বহীনতার ফলে ______________________________ ।

**[1 mark]**

**1 1 . 3** ছেলেমেয়েদের স্কুল পালানোর কারণ ______________________________ ।

**[1 mark]**

**1 1 . 4** পথচারীদের বিড়ম্বনার কারণ হলো ______________________________ ।

**[1 mark]**

**1 1 . 5** যানবাহনে কমবয়সী যাত্রীদের অশোভন আচরণের ফলে ______________________________ ।

**[1 mark]**

**1 1 . 6** গৃহহীনদের কষ্টকর পরিস্থিতির কারণ হলো ______________________________ ।

**[1 mark]**

6

Do not write outside the box

## Section C

Translation into **English**

**1 2** Your cousin has received this WhatsApp message from his Bengali friend and has asked you to translate it into **English**.

আমি আমার প্রিয় অভিনেতা সম্পর্কে একটি পডকাস্ট শুনছিলাম। অবশ্য আমি জানতাম না যে মাত্র নয় বছর বয়সে তিনি তাঁর প্রথম চলচ্চিত্র পুরস্কার জিতেছিলেন। আগামী শনিবারে তিনি তাঁর ভক্তদের বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়ার জন্য টেলিভিশনের এক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। আমিও ছেলেবেলায় অভিনয়ে আগ্রহী ছিলাম। তবে এখন লেখাপড়া করে পরীক্ষায় কৃতকার্য হওয়া ও উচ্চশিক্ষা গ্রহণ করার জন্য অনেক পরিশ্রম করছি।

**[9 marks]**

9

**END OF QUESTIONS**

Do not write outside the box

**There are no questions printed on this page**

**DO NOT WRITE ON THIS PAGE**
**ANSWER IN THE SPACES PROVIDED**

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
|---|---|

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
| --- | --- |
| | |

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
|---|---|
| | |

*Do not write outside the box*

| Question number | **Additional page, if required. Write the question numbers in the left-hand margin.** |
|---|---|

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2024 AQA and its licensors. All rights reserved.